দৈনিক ইত্তেফাক

তারিখ MAR. 23 1999
পৃষ্ঠা ৩ কলাম ৭

116

# ভোলায় মাদ্রাসা পরীক্ষা কেন্দ্রে হামলা ॥ পুলিশের গুলী ॥ আহত ১০

দৌলতখান (ভোলা) সংবাদদাতা ॥ গত শনিবার মাদ্রাসা বোর্ডের দাখিল ইংরেজী পরীক্ষার দিনে ভোলা আলীয়া মাদ্রাসা কেন্দ্রে ৩৮ জন পরীক্ষার্থী বহিষ্কার ও একটি গুজবকে কেন্দ্র করিয়া পরীক্ষা কেন্দ্রে শত

( ১১ পৃঃ দ্রঃ )

## ভোলায় মাদ্রাসা পরীক্ষা

( ৩য় পৃঃ পর )

শত লোকের হামলা ও পরিস্থিতি নিয়ন্ত্রণে ১৫ রাউণ্ড গুলীবর্ষণের ঘটনা ঘটিয়াছে। ইহাতে ২ পুলিশসহ ১০ জন স্থানীয় সূত্র জানায়, একজন ম্যাজিস্ট্রেট কঠোরভাবে পরীক্ষা কেন্দ্রে দায়িত্ব পালনের নির্দেশ দিলে ৩৮ জনকে বহিষ্কার করা হয়। ইহাতে উত্তেজনা ছড়াইয়া পড়ে। বাহিরে অপেক্ষমাণ শত শত লোক পরীক্ষা শেষে 'ধর' 'ধর' ধ্বনি দিয়া ইট-পাটকেল নিক্ষেপ শুরু করে। উচ্ছৃঙ্খল কিছু ছাত্রও হামলায় অংশ নেয়। তাহারা পরীক্ষা কেন্দ্রের দিকে অগ্রসর হইয়া বৃষ্টির মতো ইট-পাটকেল নিক্ষেপ করিতে থাকিলে ম্যাজিস্ট্রেটের নির্দেশে পুলিশ ১৫ রাউণ্ড ফাঁকাগুলী ছুড়িয়া তাহাদের ছত্রভঙ্গ করিয়া দেয়। এ সময় পুলিশসহ ১ জন আহত হয়। পায়ে গুলীবিদ্ধ একজনকে বরিশাল পাঠানো হইয়াছে। পুলিশ তারাপদ নামের এক ব্যক্তিকে আটক করিয়াছে। একজন ম্যাজিস্ট্রেট অধ্যক্ষের চেয়ারে বসিয়াছে, এমন একটি গুজবও ছড়াইয়া পড়ে। জেলা প্রশাসনের দায়িত্বশীল কর্মকর্তারা এ গুজবকে সম্পূর্ণ মিথ্যা বলিয়া আখ্যায়িত করেন এবং নকল ধরার জন্যই এ ধরনের হামলার ঘটনা ঘটিয়াছে বলিয়া জানান।

রবিবার পরীক্ষা কেন্দ্রে কঠোর নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়। এ ব্যাপারে ভোলা থানায় একটি মামলা দায়ের করা হইয়াছে।